ভোরের কাগজ

JUL 06 2002



ইত্যাদি

# ইডেন কলেজ ক্যাম্পাসে বৃক্ষরোপণ অভিযান

প্রকৃতি যখন চরম বিপর্যয়ের মুখে, সে মুহূর্তে বৃক্ষরোপণের বিকল্প আর কিছু হতে পারে না। আর এ কথাকে মাথায় রেখেই আমাদের দেশে প্রতিবছর পালন করা হয় বৃক্ষরোপণ সপ্তাহ। বৃক্ষরোপণের জন্য সবচেয়ে উপযোগী বছরের এই সময়টা। তবে পর্যাপ্ত পরিমাণে বৃক্ষরোপণ করা হয় না কোনো সময়েই। যে পরিমাণ বৃক্ষ সারা বছরে কর্তন করা হয় তার অন্তত তিনগুণ বৃক্ষরোপণ করা উচিত। অথচ বাস্তবে তা কার্যকর হয় না। অন্যদিকে বৃক্ষ নির্বাচনেও যথেষ্ট সচেতন হওয়ার প্রয়োজন রয়েছে। অপ্রয়োজনীয় যে কোনো বৃক্ষরোপণের চেয়ে ফলজ, বনজ এবং ওষধি বৃক্ষরোপণ করা উচিত। যা কিনা ভবিষ্যতে কাজে লাগাতে পারে।

বৃক্ষরোপন সপ্তাহের সূত্র ধরেই ইডেন মহিলা কলেজের সমাজকল্যাণ বিভাগের শিক্ষক ও ছাত্রীদের উদ্যোগে কৃষি মন্ত্রণালয়ের



*ইডেন মহিলা কলেজের সমাজকল্যাণ বিভাগের শিক্ষক ও ছাত্রীদের উদ্যোগে কৃষি মন্ত্রণালয়ের সহযোগিতায় কলেজ ক্যাম্পাস এলাকায় পালন করা হয় বৃক্ষরোপণ অভিযান*

সহযোগিঅয় কলেজ ক্যাম্পাস এলাকায় এক ব্যাপক বৃক্ষরোপণ অভিযান পালন করা হয়। এ অভিযানের আওতায় ক্যাম্পাস এলাকায় বিভিন্ন জাতের ১৫০টি বৃক্ষরোপণ করা হয়।

গত বুধবার ৩ জুলাই কৃষি মন্ত্রণালয়ের ডেপুটি কালেক্টর সমাজকল্যাণ বিভাগের বিভাগীয় প্রধান মিসেস সেলিনা আকতারের কাছে আনুষ্ঠানিকভাবে গাছগুলো হস্তান্তর করেন। মিসেস সেলিনা আকতার একটি নারকেল গাছের চারা রোপণের মাধ্যমে বৃক্ষরোপণ অভিযান উদ্বোধন করেন। এছাড়া সমাজকল্যাণ বিভাগের অন্যান্য শিক্ষিকা মিসেস হোসনে আরা বেগম ও শামীমা ইয়াসমিন একটি করে গাছের চারা রোপণ করেন। ছাত্রীরা স্বঃস্ফূতভাবে বাকি গাছগুলো রোপণের ব্যবস্থা করেন।

☐ সুস্ ইসলাম/ কৃষ্ণ মেহেদী